অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/23/2022 **গভর্নর ক্যাথি হোকল**

সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানের দ্বাদশ বার্ষিক ফোরামের জন্য নিবন্ধন শুরু হতে যাচ্ছে বলে গভর্নর হোকলের ঘোষণা

কর্মসূচির প্রতিপাদ্য — "একটি সমতাপূর্ণ ভবিষ্যত নির্মাণ" — MWBE-সমূহের জন্য প্রতিবন্ধকতা দূরীকরণ এবং অ্যাক্সেসের সংজ্ঞা পুনর্নির্ধারণের প্রতি মনোযোগ দিচ্ছে

প্যানেল আলোচনায় কন্ট্রাক্টের সুযোগ-সুবিধা এবং মূলধন অ্যাক্সেসের ক্ষেত্রে সহায়তার রূপরেখা তুলে ধরা হবে

6-7 অক্টোবরে অনুষ্ঠিতব্য এই কর্মসূচির জন্য অনলাইনে এখানে **নিবন্ধন করুন**

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে 2022 সালের সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানের ফোরাম 6-7 অক্টোবর তারিখে আলবানি ক্যাপিটাল সেন্টারে অনুষ্ঠিত হবে। এবছরের ফোরামের প্রতিপাদ্য হচ্ছে "একটি সমতাপূর্ণ ভবিষ্যত নির্মাণ"। নিউ ইয়র্ক স্টেটের বার্ষিক সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানের ফোরাম বিভিন্ন শিল্পখাতে নতুন পেশাগত সংযোগ তৈরি করা এবং সদা-পরিবর্তনশীল বাজারে আরো প্রতিযোগিতামূলক হয়ে উঠার সুযোগ প্রদান করে। এবছরের ফোরামে ভার্চুয়াল সেশন এবং সশরীরে উপস্থিত হয়ে অংশগ্রহণের মিশ্রণে একটি হাইব্রিড ফরম্যাট কাজে লাগানো হবে, যেখানে স্টেট কন্ট্রাক্টের সুযোগ-সুবিধাগুলো নিয়ে আলোচনার জন্য ক্ষুদ্র ব্যবসা, প্রধান কন্ট্রাক্টর, ঋণদাতা, নির্বাচিত কর্মকর্তা, এবং গভর্নরের ক্যাবিনেটের সদস্যদের প্রতিনিধিত্বকারীরা উপস্থিত থাকবেন।

"নিউ ইয়র্কের সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য কন্ট্রাক্টপ্রাপ্তি ও সংগ্রহ কর্মসূচি সহজতর, অধিকতর ন্যায্য, এবং আরো বেশি অ্যাক্সেসযোগ্য করে তুলতে সাহায্য করার জন্য এই বার্ষিক ফোরাম একটি গুরুত্বপূর্ণ সংস্থান হিসেবে ভূমিকা পালন করেছে," **বলেছেন গভর্নর হোকল।** "বর্তমানে দ্বাদশ বর্ষে পদার্পণ করা আমাদের MWBE (Minority- and Women-Owned Business Enterprise, MWBE) ফোরাম, কিভাবে আমরা নিউ ইয়র্কে আরো বেশি সমতাপূর্ণ একটি ভবিষ্যত নির্মাণ করতে পারি সে সম্পর্কে আলোচনার জন্য ব্যবসায়িক নেতৃবৃন্দ, স্টেটের কর্মকর্তাগণ, এবং শিল্পখাতের অন্য বিশেষজ্ঞদের একসঙ্গে নিয়ে আসবে। এবছর এই ফোরামের আয়োজক হিসেবে আমি গর্বিত, এবং আমি নিউ ইয়র্কের

ব্যবসায়িক কমিউনিটির সদস্যদের আজই নিবন্ধন করার এবং আমাদের সঙ্গে যোগ দেওয়ার জন্য সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।"

2022 সালের ফোরামটি একাধিক দিনব্যাপী চলমান একটি মিশ্র কর্মসূচি হবে যেখানে সশরীরে উপস্থিত হয়ে অংশগ্রহণের ইভেন্ট ও অনলাইন সেশনের মিশেল থাকবে। কর্মসূচিগুলোর মধ্যে প্যানেল, ওয়ার্কিং সেশন, এবং নেটওয়ার্কিং এর সুযোগ তৈরির জন্য লাইভ ও ভার্চুয়াল উভয় ধরনের সাক্ষাৎ অন্তর্ভুক্ত থাকবে। কর্মসূচিগুলোর ক্রমবর্ধমান তালিকায় মূলধন অ্যাক্সেস করা থেকে শুরু করে ক্রমবর্ধমান গাঁজা শিল্পে MWBE-সমূহের জন্য উদীয়মান সুযোগ পর্যন্ত বিস্তৃত পরিসরের বিভিন্ন বিষয় অন্তর্ভুক্ত থাকবে। ফোরামটি সম্পর্কে আরো জানুন এবং নিবন্ধন করুন এখানে।

চিফ ডাইভার্সিটি অফিসার জুলিসা গিউটিরেজ বলেন, "গভর্নর হোকল সব নিউ ইয়র্কবাসীর জন্য বৈচিত্র্য, সমতা, ও অন্তর্ভুক্তি এগিয়ে নেওয়ার পাশাপাশি সুযোগ-সুবিধা সম্প্রসারণ এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি লালনের জন্য নিবেদিত রয়েছেন। MWBE-সমূহ অর্থনৈতিক উন্নয়নের একটি অতি গুরুত্বপূর্ণ অংশ এবং আমরা কন্ট্রাক্ট প্রাপ্তির সুযোগ ও মূলধনের অ্যাক্সেস শক্তিশালী করা অব্যাহত রেখেছি যাতে MWBE-সমূহ সত্যিকার অর্থেই সামনে এগিয়ে যাওয়ার পথ নির্মাণ করতে পারে। বার্ষিক MWBE ফোরাম মেধাবী ও শিল্পোদ্যোগের সাথে সম্পৃক্ত MWBE-সমূহকে স্টেটের সুযোগ-সুবিধাগুলোর সাথে সংযুক্ত হওয়ার সুযোগ প্রদান করে যা তাদেরকে সফলতার পথ দেখাবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "নিউ ইয়র্ক স্টেট MWBE-সমূহকে সনদপ্রাপ্তি এবং স্টেটের কন্ট্রাক্টপ্রাপ্তির সুযোগ-সুবিধার সঙ্গে সংযুক্ত হওয়ার জন্য তাদের প্রয়োজনীয় সরঞ্জাম প্রদান করার বিষয়টিকে অর্থনৈতিক উন্নয়নের অগ্রাধিকার হিসেবে গ্রহণ করেছে। এবছরের ফোরাম একটি প্রাণবন্ত হাইব্রিড হাব হিসেবে কাজ করবে, যা ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে তাদের সফলতার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ তথ্য ও নেটওয়ার্কিং প্রদান করবে।"

ডিভিশন অব মাইনরিটি এন্ড উইমেন'স বিজনেস ডেভেলপমেন্ট (Division of Minority-and Women-Owned Business Enterprise Development)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর জেরোম ড্যুভাল বলেন, "গত বছর আমরা আমাদের MWBE কর্মসূচির একটি ঐতিহাসিক কাজে লাগানোর হার অর্জন করেছি, কিন্তু আমাদের গুরুত্বপূর্ণ কাজ এখনো চলমান রয়েছে। এবছরের ফোরাম নিউ ইয়র্ক স্টেটের MWBE-সমূহের জন্য একটি সত্যিকারের সমতাপূর্ণ ভবিষ্যত গড়ে তোলার জন্য আমাদের মিশন এবং সে ভবিষ্যতকে বাস্তবে রূপ দেওয়ার জন্য আমাদের চালু করা ও সহায়তা প্রদান করা কর্মসূচি ও উদ্যোগগুলোকে তুলে ধরবে। MWBE-সমূহকে এবং বেসরকারি ও সরকারি খাতকে স্টেটের কন্ট্রাক্টিং সুযোগ-সুবিধার সঙ্গে সংযুক্তকারী দেশের বৃহত্তম ইভেন্টের আয়োজন করতে পেরে আমরা গর্বিত যা ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে অর্থনৈতিক প্রবৃদ্ধির একটি সমতাপূর্ণ সুযোগ প্রদান করবে।"

পরিকল্পিত সেশনগুলোর মধ্যে রয়েছে:

নিউ ইয়র্ক স্টেটের সাথে মূলধনের অ্যাক্সেস

সঠিক সময়ে মূলধনের অ্যাক্সেস পাওয়া কোনো ব্যবসা প্রতিষ্ঠানকে একটি নতুন উচ্চতায় নিয়ে যেতে পারে অথবা কোনো ব্যবসা প্রতিষ্ঠানের কার্যক্রম বন্ধ হয়ে যাওয়া রোধ করতে পারে। এই সেশনে আমরা MWBE-সমূহের জন্য NYS-এর মাধ্যমে অফারকৃত বর্তমান ঋণ কর্মসূচিগুলো সম্পর্কে এবং MWBE-সমূহ কিভাবে ব্যবসায়িক সমৃদ্ধির জন্য এসব কর্মসূচি অ্যাক্সেস করতে পারে সে সম্পর্কে আলোচনা করবো।

মহিলা নেতৃত্ব ও শিল্পোদ্যোক্তাদের পরবর্তী প্রজন্ম গড়ে তোলা

নতুন মহিলা শিল্পোদ্যোক্তারা নিউ ইয়র্ক স্টেটে মহিলাদের মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোর জন্য লভ্য বহু সুযোগ-সুবিধা সম্পর্কে এবং ব্যবসায়িক খাতের মহিলা নেতৃত্বের পরবর্তী প্রজন্মকে গড়ে তোলার জন্য এসব সুযোগ কিভাবে কাজে লাগানো যায় সে সম্পর্কে জানতে পারবেন।

আপনার কমিউনিটির উপর নির্ভর করুন: আপনার ব্যবসা প্রতিষ্ঠানের ভবিষ্যত গঠনের অর্থায়নের জন্য কমিউনিটির ব্যবসায়িক ঋণ ব্যবহার করা

কমিউনিটির ব্যবসায়িক ঋণ অর্থনৈতিক উন্নয়ন শুরুর একটি অনুঘটক হিসেবে কাজ করে এবং সেকারণে MWBE ফার্মগুলোর জন্য তাদের কমিউনিটিতে বিদ্যমান যতবেশি সম্ভব ঋণ প্রদানকারী সংস্থান সম্পর্কে অবগত থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই সেশনে, কমিউনিটি ঋণদাতারা আলোচনা করবেন যে কিভাবে তারা MWBE ব্যবসা প্রতিষ্ঠানগুলোর বেড়ে উঠা সহজতর করতে সহায়তা করে থাকেন।

আপনার কমিউনিটিতে বিনিয়োগ করুন: নতুন কর্মীদল উন্নয়ন উদ্যোগ এবং MWBE-সমূহের জন্য সুবিধাসমূহ

এবছর এপ্রিল মাসে, গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের অফিস অব স্ট্র্যাটেজিক ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট (New York State Office of Strategic Workforce Development) গঠনের ঘোষণা দিয়েছিলেন, যে অফিসটি বর্তমান সময়ের নিয়োগকর্তাদের প্রয়োজন ও অগ্রাধিকারগুলোর সাথে অধিকতর সঙ্গতি রক্ষার জন্য স্টেটের কর্মী উন্নয়ন কর্মসূচি ও রীতিসমূহ উন্নত করার জন্য দায়িত্ব পাবে। এই সেশনে এই নতুন অফিসের আওতাধীন গুরুত্বপূর্ণ কর্মীদল উন্নয়নের উদ্যোগসমূহ, মেধা অন্বেষণকারী MWBE-সমূহের জন্য লভ্য সংস্থানসমূহ এবং নিয়োগকর্তা ও কর্মচারীদের জন্য ইতিবাচক ফলাফল পৌঁছে দিতে এই অফিস কিভাবে NYS-এর স্টেকহোল্ডারদের সঙ্গে অংশীদার হচ্ছে তা তুলে ধরা হবে।

নিউ ইয়র্ক স্টেট কিভাবে গাঁজা শিল্পে সমতা গড়ে তোলার পরিকল্পনা করছে

অংশগ্রহণকারী সামাজিক সমতা উদ্যোগগুলোতে নীতিমালা ও বিধিমালার মধ্য দিয়ে সরকারগুলো যেসব বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছে অথবা সরকারগুলোর যেসব পদক্ষেপ গ্রহণ করা উচিত সে সম্পর্কে জানতে পারবেন। কোন বিষয়টি এসব উদ্যোগকে সফল করে তুলবে এবং গাঁজা নিয়ন্ত্রণ ও ট্যাক্সেশন আইন (Marijuana Regulation & Taxation Act) কিভাবে দেশের সবচেয়ে শক্তিশালী সামাজিক সমতা কর্মসূচি প্রতিষ্ঠা করবে সে সম্পর্কে এখানে আলোচনা করা হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418